

আহ্লাদ, অগ্রস্থিত

দিলিপ বাইন

সময়ের গ্রন্থি খুলে এগিয়ে যাচ্ছে সময়; এই যে সাময়িকতা যাপনের আলস্য, তার স্নায়ুতে প্রবাহিত হচ্ছে তিরতির আহ্লাদ; আহ্লাদি হচ্ছে সম্মুখবর্তী গন্তব্যলিখন; কেউ তাকে বিধিলিপি বলে হেসে উঠছে চায়ের দোকানে; তাদের সিগারেটের* সুখটান আলস্যে অতৃপ্তিরা উড়ে যাচ্ছে সর্বাঙ্গিক অতীতে;

এই যে সময়ের ক্রমান্বয়ে জট খুলে বেরিয়ে পড়ার সম্ভাবনা, যাকে দেখে ডেঁপো মেয়ে বলেন যে ঘুমকাতর দেবতা, যার সুপ্রাচীন সৌভাগ্যাকাশে গমগম বাজতে থাকে গতিহীন বনবিলাসের সময়হীন অভিলাষ; তার ভাসমান জলখানে আলোকিত হয় দোর্দণ্ডপ্রতাপ অসহায়তা;

প্রকৃতপক্ষে, সেই আহ্লাদ অগ্রস্থিত থাকে না অনিবার। আর গ্রন্থিহীনতার মধ্যে আনমনে গ্রথিত হয় অন্যতর অপেক্ষায়; সেই রূপান্তরের ইতিহাস অ্যাকে অ্যাকে ফুটে ওঠে তোমার বিষণ্ণ প্রসাধপ্রিয় আলোয় ক্যামন আলোকিত হয় বিকেলের রেস্টোরাঁ; অথবা রেস্টোরাঁহীন পথের চলমান উচ্ছলতাগুলো, তারা কখনো আমাকেও অন্যমনস্ক কোরে তোলে সময়হীন চমকে...

*বিধিবদ্ধ সতর্কতা : ধূমপানের ফলে ক্যানসার হয়— সম্পাতক উ. ই.